

Subject: হেমন্ত (ফল) 2025-এর ভর্তিতে স্বাগতম!

প্রিয় পরিবারবর্গ,

2024-2025 শিক্ষা বছরে স্বাগতম! আমরা আশা করি আপনি একটি বিশ্রামপূর্ণ গ্রীষ্ম কাটিয়েছেন এবং অসাধারণ একটি শিক্ষা বছর শুরু করেছেন।

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট NYC পাবলিক স্কুলস্ ও 3-K থেকে 12 গ্রেডের প্রোগ্রামগুলোতে ভর্তি ও তালিকাভুক্তি (অ্যাডমিশন ও এনরোলমেন্ট) প্রক্রিয়ার ব্যবস্থাপনা করে। আপনার সন্তান যে ভর্তি প্রক্রিয়াগুলোতে এ বছর অংশগ্রহণ করতে পারে, সেগুলো সম্পর্কে জানতে এই নথিটি পড়া অব্যাহত রাখুন:

হাই স্কুল: বর্তমান অষ্টম (8) গ্রেড এবং প্রথমবারের মত নবম (9) গ্রেডের শিক্ষার্থীরা আবেদন করতে পারে। হাই স্কুলে ভর্তির আবেদন শুরু হবে **1 অক্টোবর!** আরো জানতে [হাই স্কুলের ওয়েবপেজ](#) দেখুন।

মিডল স্কুল: বর্তমান পঞ্চম (5) গ্রেডের শিক্ষার্থীরা আবেদন করতে পারে। মিডল স্কুলের আবেদন শুরু হবে **9 অক্টোবর!** এই বছর যা নতুন: পরিবারেরা সিটিব্যাপী মিডল স্কুল প্রোগ্রামগুলোতে আবেদন করতে পারে। আরো জানতে [মিডল স্কুলের ওয়েবপেজ](#) দেখুন।

কিন্ডারগার্টেন: 2020 সালে জন্মগ্রহণকারী ছেলেমেয়েরা আবেদন করতে পারে। কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন **10 ডিসেম্বর** শুরু হবে। পরিবারদের তাদের আবেদনপত্রে গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (মেধাবী ও প্রতিভাবান) এবং ডুয়েল ল্যাঙ্গুয়েজ (দ্বৈত ভাষা) প্রোগ্রামগুলো অন্তর্ভুক্ত করার সুযোগ রয়েছে। আরো জানতে [কিন্ডারগার্টেন ওয়েবপেজ](#) দেখুন

3-K এবং প্রি-K: 2021 (প্রি-K) এবং 2022 (3-K) সালে জন্মগ্রহণকারী ছেলেমেয়ে আবেদনের যোগ্য। উভয় আবেদন **15 জানুয়ারি** শুরু হবে। আরও জানতে [প্রি-K](#) এবং [3-K](#)-এর ওয়েবপেজগুলো দেখুন।

গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (গ্রেড 1-4): 1-4 গ্রেডের জন্য গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড-এ (G&T) ভর্তির আবেদন **21 এপ্রিলে** শুরু হবে। যোগ্য বর্তমান কিন্ডারগার্টেন, 1, 2 এবং 3 গ্রেডের শিক্ষার্থীরা আবেদন করতে পারে। যোগ্যতা রিপোর্ট কার্ডে প্রাপ্ত গ্রেডের ওপর নির্ভর করে। আরো জানতে [G&T ওয়েবপেজ](#) দেখুন।

আবেদনের সময় ঘনিষ্ঠে আসার সাথে সাথে আরও হালনাগাদ তথ্যের প্রতি চোখ রাখুন। ইতোমধ্যে, সঠিক প্রক্রিয়া সম্পর্কে ইমেইল পাওয়ার জন্য [এখানে](#) সাইন-আপ করেছেন, তা নিশ্চিত করুন। সহায়তা পেতে আপনি নিচের ইমেইল ঠিকানাগুলোতে যোগাযোগ করতে পারেন!

- হাই স্কুলে ভর্তির জন্য সহায়তা পেতে অনুগ্রহ করে HSEnrollment@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।
- মিডল স্কুলে ভর্তির জন্য সহায়তা পেতে অনুগ্রহ করে MSEnrollment@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।



- কিন্ডারগার্টেন, গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড, পি-K এবং 3-K-তে ভর্তির জন্য অনুগ্রহ করে ESEnrollment@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।

আরও প্রশ্ন আছে? আমাদেরকে (718) 935-2009 নম্বরে ফোন করুন। এ বছর আপনি যখন স্কুলে আবেদন করবেন, তখন আপনাদের সহায়তা করার জন্য আমরা উদ্বীণ হয়ে আছি!

শুভেচ্ছান্তে,

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনো বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের ভর্তি সম্পর্কিত মেইলিং লিস্ট(গুলোতে) (ডাক তালিকা) নাম লেখাতে বা সাইন আপ করতে ভুলবেন না।

আপনি যদি আমাদের যেকোনো অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আর কোনো ইমেইল পেতে না চান, তবে অনুগ্রহ করে আনসাবস্ক্রাইব করতে [এখানে](#) ক্লিক করুন।